# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তিন ব্যক্তির উপর শয়তান কর্তৃত্ব লাভ করে, যারা কোন গ্রাম অথবা শহরে থাকে অথচ জামা'আতে সালাত আদায় করে না

ذِكْرُ اسْتِحْوَاذِ الشَّيْطَانِ عَلَى الثَّلَاثَةِ إِذَا كَانُوا فِي بَدْوٍ أَوْ قَرْيَةٍ وَلَمْ يُجَمِّعُوا الصَّلَاةَ

আরবী

2098 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكَّارِ بْنِ الرَّيَّانِ الْبَغْدَادِيُّ حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ عَنْ زَائِدَةَ بْنِ قُدَامَةَ عَنِ السَّائِبِ بْنِ حُبَيْشٍ عَنْ مَعْدَانَ بْنِ أَبِي طَلْحَةَ قَالَ: سَأَلَنِي أَبُو الدَّرْدَاءِ: أَيْنَ مَسْكَنُكَ؟ قُلْتُ: فِي قَرْيَةٍ دُونَ حِمْصٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (ما من ثَلَاثَةٍ فِي قَرْيَةٍ وَلَا بَدْوٍ لَا تُقام فِيهِمُ الصَّلَاةُ إِلَّا اسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ فَعَلَيْكَ بِالْجَمَاعَةِ فَإِنَّمَا يَأْكُلُ الذِّئْبُ الْقَاصِيَةَ) قَالَ السَّائِبُ: إنما يعني بالجماعة: جماعة الصلاة.

الراوي : مَعْدَان بْن أَبِي طَلْحَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2098 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (556)

বাংলা

২০৯৮. মা'দান বিন আবূ তালহা বলেন, "আমাকে আবূ তালহা জিজ্ঞেস করেন, 'আপনার বাসা কোথায়?' আমি বললাম, 'হিমস শহরের কাছে।' তখন তিনি বলেন, 'আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, 'যদি তিনজন ব্যক্তি কোন শহর অথবা কোন গ্রামে থাকে, যাতে জামা'আতে সালাত আদায় করা হয় না, তবে শয়তান তাদের উপর কর্তৃত্ব লাভ করে। কাজেই তোমার জন্য আবশ্যক হলো জামা'আতকে আঁকড়ে ধরা। কেননা শয়তান দল-বিচ্ছিন্ন প্রাণীকেই খেয়ে ফেলে।'[1]

সায়িব রহিমাহুল্লাহ বলেন, "তিনি এখানে জামা'আত দ্বারা সালাতের জামা'আত বুঝিয়েছেন।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৯৬; আবূ দাঊদ: ৫৪৭; নাসাঈ: ২/১০৬-১০৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৯৩; হাকিম: ১/২১১; সুনান বাইহাকী: ৩/৫৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মা'দান ইবনু তলহাহ আল ইয়া'মুরী (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91416

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন